



ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শেষ ধাপের ভর্তি প্রক্রিয়া চলছে, যে যে নির্দেশনা মানতে হবে

নিজস্ব প্রতিবেদক ঢাকা



ঢাকা বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য শেষ ধাপের ভর্তি প্রক্রিয়া চলছে। পঞ্চম ধাপের বিষয় বরাদ্দের পর আগামীকাল শুক্রবার (৭ জুন) এবং শনিবার (৮ জুন) ভর্তির প্রাথমিক প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। পরে চূড়ান্ত ভর্তি হতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি কমিটির এ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে ওই বিজ্ঞপ্তিতে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে সব ইউনিটে ভর্তির চূড়ান্ত বিষয় বরাদ্দ প্রকাশ করা হয়েছে। এ বরাদ্দের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের সব আসনে বরাদ্দ সম্পন্ন করা হয়েছে। মেধা ও কোটায় বরাদ্দপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যাঁরা ইতিপূর্বে আগাম টাকা পরিশোধ করে ইউনিট অফিসে তাঁদের গ্রেডশিট জমা দেয়নি, তাঁরা আগামী ৭ থেকে ৮ জুন (শুক্র ও শনিবার) অনলাইনে আগাম টাকা পরিশোধ করে সংশ্লিষ্ট ইউনিট অফিসে সাক্ষাৎকারের সময় তাঁদের গ্রেডশিট জমা দেবেন। চূড়ান্ত পর্যায়ের সাক্ষাৎকারের সময়সূচী সংশ্লিষ্ট ভর্তির ইউনিট পৃথকভাবে অনলাইনে (ইউনিটের নোটিশ মেনুতে) প্রকাশ করবে। ১০ থেকে ১২ জুন তারিখের মধ্যে চূড়ান্তভাবে বিষয় বরাদ্দপ্রাপ্ত শিক্ষার্থীদের বিষয়-সংশ্লিষ্ট বিভাগ বা ইনস্টিটিউটে সশরীর হাজির হয়ে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে।

By using this site, you agree to our Privacy Policy.



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো
করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো